



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
চট্টগ্রাম কলেজ, চট্টগ্রাম
বিজ্ঞপ্তি (সংশোধিত)



তারিখ : ১২.০৯.২০২০ খ্রি.

২০২০-২০২১ শিক্ষাবর্ষে চট্টগ্রাম কলেজে একাদশ শ্রেণিতে ভর্তির জন্য চূড়ান্ত মনোনয়নপ্রাপ্ত শিক্ষার্থীদের নিম্নোক্ত পদ্ধতিতে ভর্তি কার্যক্রম সম্পন্ন করা হবে।

- ১। চট্টগ্রাম কলেজে ভর্তি কার্যক্রম আগামী ১৩.০৯.২০২০ খ্রি. হতে ১৭.০৯.২০২০ খ্রি. তারিখ পর্যন্ত শিওরক্যাশ-এ ভর্তি ফি জমা দান সাপেক্ষে সম্পূর্ণ অনলাইন প্রক্রিয়ায় চলবে।
- ২। শিওরক্যাশ-এ চট্টগ্রাম কলেজের payment keyword:CTC দিয়ে Student ID তে ০৬ ডিজিটের SSC রোল দিয়ে নির্ধারিত ভর্তি ফি প্রদান করতে হবে।
- ৩। মুক্তিযোদ্ধা (FQ) কোটায় ভর্তির ক্ষেত্রে আগামী ১৪.০৯.২০২০ তারিখ সোমবার শিক্ষার্থীদের সশরীরে কলেজে উপস্থিত হয়ে নিম্নলিখিত কাগজপত্র দাখিলপূর্বক শিওরক্যাশ-এ টাকা জমা প্রদান করার অনুমোদন নিতে হবে।

(ক) এসএসসি'র মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট, (খ) মুক্তিযোদ্ধা মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত মুক্তিযোদ্ধা সনদের মূল কপি ও ফটোকপি, (গ) মুক্তিযোদ্ধা দাদা হলে শিক্ষার্থীর পিতার জাতীয় পরিচয়পত্রের মূল কপি এবং ফটোকপি (ঘ) মুক্তিযোদ্ধা নানা হলে শিক্ষার্থীর 'মাতার' জাতীয় পরিচয়পত্রের মূল কপি এবং ফটোকপি (ঙ) অনলাইন থেকে ডাউনলোডকৃত মুক্তিযোদ্ধার বিস্তারিত তথ্য যেখানে স্বামী/স্বীর নামসহ পোষ্যদের নাম অর্ন্তভুক্ত রয়েছে তার কপি (চ) ইউনিয়ন পরিষদ / ওয়ার্ড কাউন্সিলর / পৌরসভার চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত প্রত্যয়ন পত্র।

- ৪। ভর্তি ফি প্রদানের পর শিওরক্যাশ থেকে মেবাইলে একটি Transaction ID আসবে। পরবর্তীতে চট্টগ্রাম কলেজের ভর্তির ওয়েব সাইট-এ অনলাইন ভর্তি ফরম পূরণ করার সময় এই Transaction ID প্রদান না করলে পূরণকৃত ভর্তি ফরমটি ডাউনলোড করা যাবে না।
- ৫। ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করার জন্য ১৩.০৯.২০২০ তারিখ হতে ১৭.০৯.২০২০ তারিখ এর মধ্যে চট্টগ্রাম কলেজের ভর্তি ওয়েব সাইট <http://ctgcollege.eshiksabd.com> এ গিয়ে অনলাইন ভর্তি ফরম পূরণ করতে হবে।
অনলাইন ভর্তি ফরম পূরণ সংক্রান্ত বিস্তারিত বিবরণ:

- চট্টগ্রাম কলেজের ভর্তির ওয়েব সাইট <http://ctgcollege.eshiksabd.com> এ গিয়ে নিম্নোক্ত User Name ও Password দিয়ে ক্লিক করতে হবে।
- User Name: ctgststudent
- Password: ctgststudent দিয়ে Sign in করতে হবে।
- Sign in করা পেইজে Admission বাটন ক্লিক করলে Click for New Admission বাটন আসবে।
- Click for New Admission বাটন ক্লিক করতে হবে।
- Select Department (HSC-Science / HSC-Humanities) এবং Enter SSC Roll (6 Digit) ঘর দুটি পূর্ণ করে Check for Admission বাটন ক্লিক করলে ভর্তি ফরম Open হবে।
- ভর্তি ফরমে চাহিত তথ্যাদি প্রদান করে Submit বাটন ক্লিক করলে প্রক্রিয়াটি সম্পন্ন হবে।

ভর্তি ফরমে অবশ্যই সদ্য তোলা ছবি ব্যবহার করতে হবে। পূরণকৃত ফরম ডাউনলোড করে নিজের সংগ্রহে রাখতে হবে। পরবর্তীতে স্বয়ংক্রিয়ভাবে অভিভাবকের মোবাইলে ভর্তির নিশ্চায়নসহ শ্রেণি রোল প্রদান করা হবে। এখানেই ভর্তি প্রক্রিয়া শেষ হবে।

৬। বিজ্ঞান শাখার ভর্তি ফি : ২,৭১৩/- টাকা (তবে অমুসলিম ছাত্র-ছাত্রীদের ক্ষেত্রে মসজিদ ফি ৫০.০০ প্রযোজ্য নয় বিধায় ২৬৬৩/- টাকা)

শিক্ষা বিরতি থাকলে নির্ধারিত ফি'র সাথে অতিরিক্ত ১৫০/- টাকা জমা দিতে হবে।

৭। বিজ্ঞান শাখার আবশ্যিক বিষয়সমূহ : বাংলা, ইংরেজি, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি, পদার্থবিদ্যা, রসায়নবিদ্যা এবং উচ্চতর গণিত / জীববিদ্যা (যে কোন একটি বিষয়)
চতুর্থ বিষয় : উচ্চতর গণিত / জীববিদ্যা / পরিসংখ্যান / মনোবিজ্ঞান / ভূগোল (যে কোন একটি বিষয়)

৮। মানবিক শাখার ভর্তি ফি : ২,৩৬৩/- টাকা (তবে অমুসলিম ছাত্র-ছাত্রীদের ক্ষেত্রে মসজিদ ফি ৫০.০০ প্রযোজ্য নয় বিধায় ২,৩১৩/- টাকা)।

শিক্ষা বিরতি থাকলে নির্ধারিত ফি'র সাথে অতিরিক্ত ১৫০/- টাকা জমা দিতে হবে। তবে যে সব শিক্ষার্থীর ব্যবহারিক বিষয় আছে তাদের ল্যাব উন্নয়ন ফি ১০০/- টাকা এবং অভ্যন্তরীণ ব্যবহারিক পরীক্ষার ফি প্রতি বিষয়ের জন্য ২৫/- টাকা হারে অতিরিক্ত জমা দিতে হবে।

৯। মানবিক শাখার আবশ্যিক বিষয়সমূহ : বাংলা, ইংরেজি, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি

নৈবচনিক বিষয় : অর্থনীতি / সমাজবিজ্ঞান / যুক্তিবিদ্যা / পৌরনীতি ও সুশাসন / ইতিহাস / ইসলামের ইতিহাস ও সংস্কৃতি / ভূগোল (যে কোন ৩টি)
চতুর্থ বিষয় : অর্থনীতি / সমাজবিজ্ঞান / যুক্তিবিদ্যা / পৌরনীতি ও সুশাসন / ইতিহাস / ইসলামের ইতিহাস ও সংস্কৃতি / ভূগোল
মনোবিজ্ঞান / পরিসংখ্যান / ইসলামী শিক্ষা / আরবি / পালি (যে কোন ০১টি বিষয় নিতে হবে)

* (বি:দ্র: বিগত ০৮.০৯.২০২০ খ্রি. তারিখে প্রকাশিত ভর্তি সংক্রান্ত বিজ্ঞপ্তিটি বাতিল করা হয়েছে।)

প্রতি স্বাক্ষর :

(প্রফেসর মোহাম্মদ মুজিবুল হক চৌধুরী)
অধ্যক্ষ
চট্টগ্রাম কলেজ, চট্টগ্রাম

(মো: জহির উদ্দিন)
সহযোগী অধ্যাপক, দর্শন

আহ্বায়ক, মানবিক শাখা ভর্তি কমিটি-২০২০-২০২১
চট্টগ্রাম কলেজ, চট্টগ্রাম

(মোহাম্মদ হাছানুল ইসলাম)
সহযোগী অধ্যাপক, গণিত

আহ্বায়ক, বিজ্ঞান শাখা ভর্তি কমিটি : ২০২০-২০২১
চট্টগ্রাম কলেজ, চট্টগ্রাম